# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ মুতাহ যুদ্ধ (مَعْرِكَة مُؤْتَة)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

সৈন্য পরিচালকগণ এবং রাসূলুল্লাহ (সাঃ)-এর অসিয়ত (أُمَرَاءُ الْجَيْشِ وَوَصِيَّةُ رَسُوْلِ اللهِ ﷺ إِلَيْهِمْ):

রাসূলুল্লাহ (ﷺ) জায়েদ বিন হারিসাহকে এ সৈন্যদলের সেনাপতি নিযুক্ত করেন। এবং অসিয়ত করেন যে, যায়দকে যদি শহীদ করা হয় তবে জা’ফার এবং জা’ফারকে শহীদ করা হলে আব্দুল্লাহ বিন রাওয়াহা সেনাপতি হবেন।[1] সৈন্যদলের জন্য সাদা পতাকা বেঁধে তা যায়েদের হাতে দিলেন।[2] অতঃপর সৈন্যদলের উদ্দেশ্যে নিম্নবর্ণিত উপদেশাবলী প্রদান করলেন।

যে জায়গায় হারিস বিন উমায়েরকে শহীদ করা হয়েছে তথায় উপস্থিত হয়ে তথাকার অধিবাসীগণের নিকট প্রথমে ইসলামের দাওয়াত পেশ করবে। যদি তারা ইসলাম গ্রহণ করে তাহলে সেটা হবে উত্তম। অন্যথায় আল্লাহর সাহায্য প্রার্থনার পর যুদ্ধে লিপ্ত হবে। তিনি আরও বললেন,

(أُغْزُوْا بِسْمِ اللهِ، فِيْ سَبِيْلِ اللهِ، مَنْ كَفَرَ بِاللهِ، لَا تَغْدِرُوْا، وَلَا تَغْلُوْا، وَلَا تَقْتُلُوْا وَلِيْدًا وَلَا اِمْرَأَةً، وَلَا كَبِيْراً فَانِياً، وَلَا مُنْعَزِلاً بِصَوْمَعَةٍ، وَلَا تَقْطَعُوْا نَخلاً وَلَا شَجَرَةً، وَلَا تَهْدِمُوْا بِنَاءً).

আল্লাহর নামে আল্লাহর পথে, আল্লাহর সঙ্গে কুফরকারীদের সঙ্গে যুদ্ধ কর। সাবধান! অঙ্গীকার ভঙ্গ কর না, আমানতের খিয়ানত কর না, শিশু মহিলা, বৃদ্ধ এবং গীর্জায় অবস্থানরত পুরোহিতদের হত্যা কর না,খেজুর কিংবা অন্য কোন বৃক্ষ কর্তন কর না এবং বাড়ি ঘর ও দালানকোঠা বিনষ্ট কর না।[3]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী শাম রাজ্যে মুতাহ যুদ্ধ সম্পর্কিত অধ্যায় ২য় খন্ড ৬১১ পৃঃ।

[2] শাইখ আব্দুল্লাহ রচিত মুকতাসারুস সীরাহ ৩২৭ পৃঃ।

[3] পূর্বোক্ত এবং রহমাতুল্লিল আলামীন ২য় খন্ড ২৭১ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6367

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন